



অধ্যাপক গোলাম আযম সম্পর্কে সৈয়দ আলী আহসান

লিখেছেন অজানা পথিক ০৩ মে, ২০১৩, ১২:৪৯:১০ রাত

অধ্যাপক গোলাম আযম সম্পর্কে জাতীয় অধ্যাপক ও জাবির প্রতিষ্ঠাতা উপাচার্য কবি সৈয়দ আলী আহসান এর অভিমত (জুন, ২০০২)



অধ্যাপক গোলাম আযম আমাদের দেশের একজন খ্যাতনামা ব্যক্তি। তিনি আমাদের দেশের রাজনীতিতে ছিলেন অনেক দিন। রাজনীতির ক্ষেত্রে যে প্রজ্ঞা এবং মনীষার প্রয়োজন হয় তা তার মধ্যে বিশেষ পরিমানেই ছিল। দুর্ভাগ্য ক্রমে দেশের রাজনীতিতে বর্তমানে শিক্ষিত লোকের খুব অভাব। একসময় আমাদের দেশে যাঁরা রাজনীতিতে ছিলেন তাঁরা সবাই উচ্চ শিক্ষিত এবং মর্যাদাবান ব্যক্তি ছিলেন। গোলাম আযম সাহেব সেই ধারারই একজন।

তিনি বিশ্ববিদ্যালয়ের ছাত্র জীবনে ছাত্র রাজনীতিতে প্রবেশ করেছিলেন এবং বাংলাদেশের মানুষের জন্য অত্যন্ত নিষ্ঠার সাথে দাবি-দাওয়া উপস্থিত করেছেন। এক্ষেত্রে তাঁর সমতুল্য লোকের সংখ্যা খুবই কম।

তিনি যে রাজনীতি করেন, সে রাজনীতির সঙ্গে আমার কোন সম্পর্ক নেই। কিন্তু তাঁর রাজনীতির পেছনে যে মানুষটি আছে তাঁর সঙ্গে আমার সখ্যতা আছে।

জীবনে তিনি অনেক সংকটের সম্মুখীন হয়েছেন এবং কারাবাস ও করেছেন। কিন্তু শেষ পর্যন্ত তিনি সকল বিপদমুক্ত হয়ে স্বচ্ছ আলোতে এসে দাড়িয়েছেন। তাঁর জীবন থেকে আমাদের অনেক শিক্ষণীয় ব্যাপার আছে।

তিনি একজন বাগ্মী, সুন্দর যুক্তিসঙ্গত কথা বলতে পারেন। এবং একজন নেতার যা গুণ সে গুণ গুলো তার মধ্যে বিদ্যমান আছে। একসময় আমি তাকে বলেছিলাম তাঁর জীবন কাহিনী লিখতে, আমি খুবই খুশি হয়েছি যে, আমার কথায় তিনি এ কাজে অগ্রসর হয়েছেন।(সংক্ষেপিত)

বিস্তারিত দেখুন : জীবনে যা দেখলাম(প্রথম খন্ড)[Click this linkhttp://ghulamazam.info/univ.php](http://ghulamazam.info/univ.php)